



তথ্যবিবরণী

নম্বর- ১৪৫

রাজশাহীতে টি-২০ ক্রিকেট প্রতিযোগিতার উদ্বোধন করলেন বিভাগীয় কমিশনার

রাজশাহী; ৯ পৌষ (২৪ ডিসেম্বর):

আজ (২৪ ডিসেম্বর) সকাল সাড়ে নয়টায় নগরীর মুক্তিযুদ্ধ স্মৃতি স্টেডিয়ামে মহান বিজয় দিবস ২০২৪ উদযাপন উপলক্ষে আয়োজিত টি-২০ ক্রিকেট প্রতিযোগিতার উদ্বোধন করেন রাজশাহী বিভাগীয় কমিশনার খোন্দকার আজিম আহমেদ। রাজশাহী জেলা ক্রীড়া সংস্থার সহযোগিতায় জেলা ক্রীড়া অফিস এ প্রতিযোগিতার আয়োজন করে।

বিভাগীয় কমিশনার প্রতিযোগিতায় অংশগ্রহণকারী খেলোয়াড়দের সাথে শুভেচ্ছা বিনিময় করেন এবং তাদের উৎসাহ প্রদান করেন।

জেলা প্রশাসক আফিয়া আখতার সভাপতিত্বে অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন জেলা ক্রীড়া অফিসার গৌতম কুমার সরকার। অন্যান্যের মধ্যে বিভিন্ন সরকারি-বেসরকারি দপ্তরের কর্মকর্তা-কর্মচারী, খেলায় অংশগ্রহণকারী প্রতিযোগীরা উপস্থিত ছিলেন।

উল্লেখ্য যে, এ টুর্নামেন্টে চারটি দল অংশগ্রহণ করছে। রাজশাহী জেলার অনূর্ধ্ব-১৪ দল বাছাই করা এ টুর্নামেন্টের অন্যতম উদ্দেশ্য।

.....  
তৌহিদ/আরিফ/আলীম/রুহুল/হালিম/২০২৪/১১:০০ ঘ.